

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯২৪

খোয়াই, ৩০ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
খোয়াইয়ে দুদিনব্যাপী শিবিরের সমাপ্তি

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ খোয়াই পুরপরিষদের উদ্যোগে দুদিনব্যাপী শিবির সমাপ্ত হয়েছে। এদিন শিবিরে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা ও প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস। খোয়াইয়ের সুভাষ পার্কে রাধাকৃষ্ণ মন্দির প্রাঙ্গণে এই শিবিরের আয়োজন করা হয়েছিল। দুদিনব্যাপী শিবিরের সমাপ্তি দিনে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, সমাজের অস্তিম ব্যক্তির কাছে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়ার জন্য বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা হয়েছে। সরকারের লক্ষ্য আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা।

অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস বলেন, দেশ ও রাজ্যের সার্বিক বিকাশে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করেছেন। দুদিনব্যাপী শিবিরের সমাপ্তি দিনে আজ জনজাতি কল্যাণমন্ত্রী ও প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী ১১ জন সুবিধাভোগীর হাতে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গ্যাসের সংযোগ তুলে দেন। শিবিরে পুরপরিষদ এলাকার ১০৪ জনকে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গ্যাসের সংযোগ দেওয়া হয়েছে। তাছাড়াও পুরপরিষদের পক্ষ থেকে ১২৯ জনকে আরওআর, ৮৭ জনকে ইনকাম, ৩৩ জনকে এসটি, ৮৮ জনকে ওবিসি, ৬৪ জনকে ম্যারেজ সার্টিফিকেট ও ৩ জনকে ট্রেড লাইসেন্স দেওয়া হয়।

শিবিরে প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরি প্রকল্পে ৬৩ জনের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনায় ১৮ জনের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে পিএম-কিষাণ যোজনায় ২ জন কৃষকের আবেদনপত্র নেওয়া হয়েছে। বন দপ্তর থেকে ১০৫ জনকে বিভিন্ন গাছের চারা দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৫০ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। আয়ুস্মান কার্ড দেওয়া হয়েছে ১০৪ জনকে।
